

- ১। বেকার যুবদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ বিষয়ে উদ্বুদ্ধ করা।
- ২। বেকার যুবদের মাঝে আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়। উপজেলা পর্যায়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়, যেমন- মৎস্য, হাঁস-মুরগী, গবাদি পশু পালন, সেলাই প্রশিক্ষণ, কৃষি বিষয়ক ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা।
- ৩। প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের প্রকল্পধারীদের ক্ষুদ্রঋণ প্রদান করা হয়।
- ৪। উপজেলা পর্যায়ে তিন যুব সংগঠনের মাধ্যমে নেটওয়ার্কিং জোরদার করণ প্রকল্পের অধীনে যুবদের কম্পিউটার ও ইন্টারনেট প্রশিক্ষণ প্রদান করা হয়।
- ৫। যুব সংগঠনের মাধ্যমে বৃক্ষরোপন, বাল্য বিবাহ রোধ, মাদকাসক্তিরোধ, যৌতুক প্রতিরোধমূলক সেমিনারের মাধ্যমে গণসচেতনতা তৈরী করা হয়।
- ৬। যুব সংগঠনের মাঝে যুব মন্ত্রণালয়ের অনুদান প্রদান করা হয়।

কার্যক্রম ও সেবা সমূহ পাওয়ার উপায়:

০১। **ভ্রাম্যমান প্রশিক্ষণ কার্যক্রম:** এই প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় প্রত্যেক উপজেলায় ১৪ (চৌদ্দ) টি ব্যাচ করতে হবে প্রতি ব্যাচে ৩০ (ত্রিশ) জন যুব/যুব মহিলা নিয়ে ব্যাচ তৈরী করে সংশ্লিষ্ট

এলাকায় সুবিধামত জায়গায় ও যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ করান হয়।

০২। **প্রশিক্ষণের বিষয়:** ক) মৎস্য চাষ খ) হাঁস মুরগী পালন গ) গবাদী পশু পালন ঘ) গরু মোটা তাজাকরণ

ঙ) ছাগল পালন চ) পোশাক তৈরী ছ) নার্সারী জ) কৃষি ঝ) ব্লক ও বাটি প্রিন্টিং ঞ) হস্ত শিল্প ইত্যাদি।

ইহা ছাড়াও প্রতিটি যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করে থাকে:

০১) কম্পিউটার ০২) ইলেকট্রনিক্স ৩) রেফ্রিজারেশন এ্যান্ড এয়ারকন্ডিশনিং ৫) পোশাক তৈরী।

সেবা পাওয়ার উপায়:

সংশ্লিষ্ট ইউনিয়নের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অথবা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কাছে ১৮-৩৫ বৎসর বয়সের বেকার যুব/যুব মহিলা স্বহস্তে লিখিত আবেদন পত্র জমা দিতে হবে। আবেদন প্রত্রে সাথে যা লাগবে ১) ০২ কপি পাসপোর্ট সাইজ ছবি ২) চেয়ারম্যানের নাগরিকত্ব সনদ পত্র ৩) বয়স প্রমাণের জন্য ভোটার আইডি কার্ড এর ফটোকপি ৪) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ পত্র।

ঋণ কার্যক্রম:

যুব উন্নয়ন অধিদপ্তর দারিদ্র বিমোচনের জন্য ঋণ কার্যক্রম করে থাকে। সাধারণ: যুব উন্নয়ন অধিদপ্তর দুই ধরনের ঋণ দিয়ে থাকে ১) প্রাতিষ্ঠানিক ঋণের পরিমাণ ১,৫০,০০০/- থেকে ২,০০,০০০/- ২) অপ্রাতিষ্ঠানিক ঋণের পরিমাণ ১,০০,০০০/- থেকে ১,৫০,০০০/- টাকা পর্যন্ত।

ঋণ পরিশোধের মেয়াদ:

চেক পাওয়ার তারিখ থেকে ০৩ মাস পর্যন্ত গ্রেস পিরিয়ড অর্থাৎ ঐ ০৩ মাসের সার্ভিস চার্জ দিতে হবে না বা কিস্তিতেও দিতে হবে না। পরবর্তীতে ২৪ মাসে ২৪ কিস্তিতে পরিশোধ করতে হবে।

সার্ভিস চার্জ:

যুব উন্নয়ন অধিদপ্তর ক্রম হ্রাসমান পদ্ধতিতে ৫% হারে মূল/আসল টাকার উপর সার্ভিস চার্জ গ্রহণ করে থাকে।

ধরি খ-কে ৫০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে তাহার ০১/০১/২০২১ ইং তারিখে।

তাহলে খ-এর প্রথম কিস্তি শুরু হবে ০১/০৫/২০২১ ইং তারিখে।

প্রথম কিস্তি আসল = $(৫০,০০০/২৪) = ২০৮৫/-$ মোটঃ- ২২৫০/৩৬৫x৩০

সার্ভিস চার্জ = ১৮৫/-

মোট = ২২৭০/-

২য় কিস্তি আসল = $(৫০,০০০ - ২০৮৫) = ৪৭৯১৫/-$

সার্ভিস চার্জ = ১৭৬/-

মোট = ২২৬১/-

আত্মকর্মসংস্থান: যুব উন্নয়ন অধিদপ্তর প্রশিক্ষণ ও যুব ঋণ প্রদানের মাধ্যমে বেকার যুব ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টিতে সহযোগিতা করে।

তালিকাভুক্তিকরণ: যুব উন্নয়ন অধিদপ্তর সমাজসেবা, সমবায়, মহিলা বিষয়ক অধিদপ্তর হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যুব সমিতি/যুব ক্লাব সমূহকে তালিকাভুক্তি করে থাকে।

